তারিখ ........ 27 APR 2017 ........
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

সমকাল

# চুয়েটে শিক্ষা সমাপনী উৎসব শুরু আজ

■ চুয়েট প্রতিনিধি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে তিন দিনব্যাপী শিক্ষা সমাপনী উৎসব 'আরামিট গ্রুপ র‍্যাগ ডে ২০১৭'। বিশ্ববিদ্যালয়ের ১২ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় উপলক্ষে এ উৎসবের আয়োজন করা হয়েছে। উৎসবের মিডিয়া পার্টনার সমকাল।

ক্যাম্পাসে আজ সকাল ১০টা ৪০ মিনিটে উৎসবের উদ্বোধন করবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. রফিকুল আলম। একই সঙ্গে চট্টগ্রাম নগরীর ওয়াসা মোড় থেকে আইইবি পর্যন্ত আনন্দ র‍্যালির মধ্য দিয়ে ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## চুয়েটে শিক্ষা

[তৃতীয় পৃষ্ঠার পর]

প্রথম দিনের অনুষ্ঠান শুরু হবে। প্রথম দিনে বৃক্ষরোপণ, রক্তদান কর্মসূচি, রঙ উৎসব, ডিজে পার্টিসহ থাকছে নানা আয়োজন।

দ্বিতীয় দিনে রয়েছে আনন্দ র‍্যালি, স্মৃতিচারণ, আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা। শেষ দিন শনিবার রাতে চুয়েটে আসর জমাবে দেশের খ্যাতনামা ব্যান্ড দল শিরোনামহীন, আরবোভাইরাস, মেঘদল, পাওয়ারসার্জসহ বেশ কয়েকটি ব্যান্ড দল। এবারের র‍্যাগ ডের টাইটেল স্পন্সর হিসেবে রয়েছে আরামিট গ্রুপ। এ ছাড়া কেডিএস স্টিল ও গ্যাসকেড ইন্টারন্যাশনাল অনুষ্ঠানের কো- স্পন্সর। গতকাল বুধবার দুপুরে নগরীর লালখান বাজারের আইইবিতে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়েছে।

অনুষ্ঠানের আহ্বায়ক সোহানুর রহমান সৈকত ও অর্থ সম্পাদক নাফিউল ইসলাম সম্পদ জানান, অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর